হরিণাকুণ্ডুতে নানা আয়োজনে প্রাণিসম্পদ প্রদর্শনী মেলা অনুষ্ঠিত

“প্রাণিসম্পদে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে দিনব্যাপী প্রাণিসম্পদ প্রদর্শনী মেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৮ এপ্রিল) সকালে উপজেলা প্রাণি সম্পদ কার্যালয় চত্বরে এই মেলার আয়োজন করা হয়।

হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা আক্তার হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রদর্শনী মেলার আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

বিশেষ অতিথি হিসেবে পৌর মেয়র ফারুক হোসেনসহ অন্যান্য ইউপি চেয়ারম্যনরা বক্তব্য রাখেন। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ উজ্জল কুমার কুন্ডু। এসময় সমাজসেবা কর্মকর্তা শিউলী রাণী, উপজেলা সহকারী প্রোগ্রামার ওয়াসিকুর রহমান, বিআরডিবি কর্মকর্তা আমজাদ হোসেন সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত খামারীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান সঞ্চালনয়া ছিলেন প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ সুলতানা বেগম।

আলোচনা সভায় বক্তাগণ বলেন, মানুষের ভাগ্যের পরিবর্তনে কাজ করে যাচ্ছে হরিণাকুণ্ডু’র প্রাণিসম্পদ বিভাগ। প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর সহযোগিতায় উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতালের আয়োজনে প্রদর্শনী মেলায় ৩০ টি স্টলে প্রাণিসম্পদ সংশ্লিষ্ট গাভী, ছাগল, কবুতর, হাঁস-মুরগি, ভেড়া, দুধের ক্রিম সেপারেটর মেশিন, ঘাস চাষ, ঘাস কাটা মেশিন, কৃত্রিম প্রজনন, চিকিৎসা সামগ্রী ও চিকিৎসা বিষয়ক কার্যক্রম প্রদর্শন করা হয়। অনুষ্ঠান শেষে পশুপালনে দক্ষতার পরিচয় দেওয়ায় তিনটি বিষয়ের উপর উপজেলার নয় জন খামারির মাঝে সর্বমোট ৩০,০০০/-

□□□□□ □□□ □ □□□□□□□ □□□□□ □□□ □□□